ভোরের কাগজ

তারিখ ... 6. APR. 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ৫ শতাংশ পাহাড়ি কোটা চালুর দাবি

কাগজ প্রতিবেদক : দেশের সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ৫ শতাংশ পাহাড়ি কোটা চালুর দাবি জানিয়েছে পাহাড়ি ছাত্র পরিষদ। গতকাল সংগঠনের ঢাকা মহানগর শাখার ১৩তম কাউন্সিল ও সম্মেলন থেকে এ দাবি জানানো হয়।

সভায় বক্তারা শান্তিচুক্তির অমীমাংসিত ও অবাস্তবায়িত ধারাগুলো অবিলম্বে বাস্তবায়নের দাবি জানিয়ে বলেন, চুক্তি কোনো দলের সঙ্গে নয়, সরকারের সঙ্গে হয়েছে। কাজেই বর্তমান জোট সরকারের চুক্তি বাস্তবায়নের দায়িত্ব রয়েছে। বক্তারা চুক্তি মোতাবেক ভূমি কমিশন গঠন, সেনাক্যাম্প প্রত্যাহার, সেটেলারদের পার্বত্য চট্টগ্রামের বাইরে যথাযথ পুনর্বাসন, ভারত প্রত্যাগত পাহাড়ি শরণার্থীদের তাদের জায়গা-জমি ফেরত দেওয়া এবং সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ৫ শতাংশ পাহাড়ি কোটা চালু করার দাবি জানান।

পরে ছাত্রনেতা উদ্দীপন চাকমাকে সভাপতি, নিখিলমিত্র চাকমাকে সাধারণ সম্পাদক, পল্লব চাকমাকে সাংগঠনিক সম্পাদক করে ২১ সদস্যবিশিষ্ট ঢাকা মহানগর শাখা গঠন করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের মহানগর শাখার বিদায়ী সাধারণ সম্পাদক রিটন [illegible]